

ফাতওয়া নাম্বার: ৯৩

প্রকাশকাল: ০১ ই সেপ্টেম্বর, ২০২০ ইংরেজি

## সিগারেট, পান, তামাক, গুল ইত্যাদি খাওয়া ও বিক্রি করার হুকুম কী?

প্রশ্ন:

বিড়ি সিগারেট বিক্রি করার হুকুম কী? এগুলোর বিক্রয়লব্ধ অর্থ কি হালাল? আর পান, তামাক, গুল ইত্যাদি খাওয়া ও বিক্রি করার হুকুম কী?

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

:الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده أما بعد

এক. আল্লাহ তায়ালা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বৈশিষ্ট্য উল্লেখ করে ইরশাদ করেন,

وَيُحِلُّ لَهُمُ الطَّيِّبَاتِ وَيُحَرِّمُ عَلَيْهِمُ الْخَبَائِثَ

উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ

“এবং তিনি তাদের জন্য ‘তাইয়িব’ তথা উত্তম বস্তু হালাল করেন আর ‘খাবিস’ তথা খারাপ বস্তু হারাম করেন।’ -সূরা আ’রাফ (০৭): ১৫৭

বিড়ি, সিগারেট ‘খাবিস’ ও খারাপ বস্তুর অন্তর্ভুক্ত। মিন্বারুত তাওহিদের একটি ফতোয়ায় এসেছে,

والخبث في اللغة يُطلق على الرديء المستكره طعمه أو ريحه [انظر اللسان 2/ 141 – 145].-منبر التوحيد، رقم الفتاوى: 2504

“আভিধানিক অর্থে অপছন্দনীয় স্বাদ ও দুর্গন্ধযুক্ত নিকৃষ্ট বস্তুকে খাবিস বলা হয়। [লিসানুল আরব: ২/১৪১-১৪৫]” –মিস্বারুত তাওহিদ, ফতোয়া নং ২৫০৪

দুই. বিশিষ্ট আফগানি আলেম মুহাম্মাদ আব্দুল গাফফার বলেন,  
أن الدخان ينجم عنه أمراض مختلفة بينها الأطباء، بلغ مجموعها تسعة وتسعين مرضاً. -مصائب الدخان- نقلا من فتاوى المنبر، رقم السؤال: 2504

“ডাক্তারদের বর্ণনামতের ধূমপান থেকে ৯৯টি রোগ ব্যাধি সৃষ্টি হয়। – মাসায়িবুদ দুখান।” –মিস্বারুত তাওহিদ, ফতোয়া নং ২৫০৪

তিন. ধূমপান মানুষকে দুর্বল ও নিস্তেজ করে দেয়। হাদীসে এসেছে,  
هى رسول الله صلى الله عليه وسلم عن كل مسكرٍ ومفترٍ. -رواه أبو داود: 3688  
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ

“সকল মাদক ও নিস্তেজকারী বস্তু থেকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিষেধ করেছেন।” সুনানে আবু দাউদ: ৩৬৮৮

ধূমপানে এধরনের স্বাস্থ্যগত ক্ষতির পাশাপাশি আর্থিক অপচয়, অন্যকে কষ্ট দেয়া ও অন্যের ক্ষতি সাধন, ফাসেকদের সাদৃশ্যাবলম্বনও রয়েছে।

যার প্রতিটিই স্বতন্ত্র গুনাহ। এসব কারণে ধূমপান করা ও বিড়ি সিগারেট বিক্রি করা উভয়ই নাজায়েয এবং এগুলোর বিক্রয়লব্ধ অর্থও হালাল নয়। সুতরাং তা সওয়াবের নিয়ত ছাড়া গরিবকে সদকা করে দেয়া জরুরি।

আমাদের জানামতে তামাক, গুল এবং জর্দাও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। কেউ কেউ এগুলোর কিছু উপকারের কথা দাবি করলেও; ক্ষতির দিকটাই প্রবল। সুতরাং বিজ্ঞ ডাক্তারদের মতে বাস্তবেই যদি এগুলো কারো জন্য ক্ষতিকর সাব্যস্ত হয়, তাহলে তার জন্য এগুলো খাওয়াও নাজায়েয। তবে জর্দা ও তামাক ব্যতীত পান খাওয়া জায়েয এবং তা বিক্রি করাও জায়েয।  
-আদুররুল মুখতার: ৬/৪৬১, রদুল মুহতার: ২/৩৯৫, রওদাতুত তালেবিন: ৩/২৮১, ফতোয়া মিস্বারুত তাওহীদ: নং ২৫০৪, ফাতাওয়াল লাজনাতিদ দাইমা ১৩/৫৬

فقط. والله أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (গুফিরা লাহ)

২৮-১২-১৪৪১ হি.

১৯-০৮-২০২০ ইং

